

৩২

৭৫ ভাগ উত্তীর্ণ ছাত্রই যোগ দিচ্ছে না

আজ ইসলামী বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন ॥ ছাত্র এক্য অনুষ্ঠান বর্জন করবে

● ব্যুরো অফিস থেকে মতিউর রহমান লাল্ট ● কুষ্টিয়া: ইসলামী বিশ্ববিদ্যালয়ে সর্বদলীয় ছাত্র এক্য আজ মঙ্গলবার অনুষ্ঠিতব্য সমাবর্তন অনুষ্ঠান বর্জন করবে। সমাবর্তন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

সর্বদলীয় ছাত্র এক্যের শত আন্তরিকতা থাকা সত্ত্বেও সরকার ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিমাতাসুলভ আচরণের ফলে শেষ পর্যন্ত গতকাল সোমবার কুষ্টিয়ার ছাত্র এক্যের নেতৃবৃন্দ প্রধানমন্ত্রীর সমাবর্তন অনুষ্ঠান বর্জনের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ছাত্র নেতৃবৃন্দ বলেছে, ইসলামী বিশ্ববিদ্যালয়কে স্বাধীনতা বিরোধীদের ঘাটি বানাবার লক্ষ্যে বর্তমান বিতর্কিত উপাচার্য অধ্যাপক আব্দুল হামিদ একের পর এক প্রগতিশীল ছাত্র সংগঠনের নেতা কর্মীদের ওপর নির্যাতন চালিয়ে আসছে। স্বজনপ্রীতি ও দুর্নীতির মাধ্যমে উপাচার্য বিশ্ববিদ্যালয়কে একটি প্রাইভেট লিমিটেড

কোম্পানীতে পরিণত করেছে। উপাচার্যের পক্ষপাতমূলক আচরণ ও স্বাধীনতা বিরোধী জামায়াত-শিবির চক্রের পৃষ্ঠপোষকতার প্রতিবাদে ঘৃণা প্রকাশ করে অনার্স ও মাস্টার ডিগ্রী লাভকারী ১০২৫ জন ছাত্রের মধ্যে প্রায় ৭৫ ভাগ ছাত্র রেজিস্ট্রেশন করা থেকে নিজেদের বিরত রেখেছে।

এদিকে সমাবর্তন অনুষ্ঠানের প্রতি ঘৃণা প্রদর্শন করে গতকাল সর্বদলীয় ছাত্র এক্য কুষ্টিয়া শহরে এক বিশাল কালো পতাকা মিছিল বের করে। মিছিল শেষে মজুমপুর গেটে এক সমাবেশে বক্তব্য রাখেন শাহজাহান আলম সাজু, সরদার হাফিজ, বিশ্বজিৎ সাহা সন্টু, আলমগীর হোসেন খান ও আব্দুর রশিদ বকুল।